মক্কা চুক্তিতে বাংলাদেশের আগ্রহ, ভারতের প্রতিক্রিয়া



ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনার মধ্যে পারস্পরিক নিরাপত্তা সহযোগিতা জোরদারে সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তান সম্প্রতি একটি যৌথ প্রতিরক্ষা চুক্তি করেছে। চুক্তি অনুযায়ী, তিন দেশের যেকোনো একটি আক্রান্ত হলে সেটিকে তিন দেশের বিরুদ্ধেই হামলা হিসেবে বিবেচনা করা হবে।

বাংলাদেশ এই চুক্তিতে যুক্ত হওয়ার বিষয়ে আগ্রহ দেখিয়েছে। গত ২৭ আগস্ট সংসদে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান বলেন, চুক্তির সদস্য দেশগুলো বাংলাদেশকে অন্তর্ভুক্ত করার আগ্রহ জানালে সরকার বিষয়টি ইতিবাচকভাবে বিবেচনা করবে।

বাংলাদেশের এমন অবস্থানের বিষয়ে ভারতের প্রতিক্রিয়া জানতে শুক্রবার (২৮ আগস্ট) নয়াদিল্লিতে সাপ্তাহিক ব্রিফিংয়ে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়ালের কাছে প্রশ্ন করেন সাংবাদিকরা।

জবাবে রণধীর জয়সওয়াল বলেন, ভারতের জাতীয় নিরাপত্তায় প্রভাব ফেলতে পারে এমন সব বিষয়ই তারা নিয়মিত পর্যবেক্ষণ করেন।

ব্রিফিংয়ে এক সাংবাদিক বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর বক্তব্যের প্রসঙ্গ তুলে ধরে জানতে চান, মক্কা চুক্তিতে বাংলাদেশকে অন্তর্ভুক্ত করার বিষয়ে সদস্য দেশগুলো আগ্রহ প্রকাশ করলে সরকার ইতিবাচকভাবে বিষয়টি বিবেচনা করবে বলে জানিয়েছেন তিনি। এ বিষয়ে ভারতের অবস্থান কী?

জবাবে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র বলেন, তাঁরা সব ধরনের পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন। বিশেষ করে কোনো বিষয় ভারতের নিরাপত্তার সঙ্গে সংশ্লিষ্ট হলে সেটির ওপর বিশেষ নজর রাখা হয়। দেশের নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নেওয়া হয় বলেও জানান তিনি।